মেহেরপুরে মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে জাতীয় পার্টির প্রস্তুতি সভা

মেহেরপুরে জাতীয় পার্টির উদ্যোগে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভার আয়োজন করা হয়েছে।

গতকাল সোমবার বিকালে মেহেরপুরের কাথুলী বাজারে মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহবায়ক সাইফুল ইসলামের নেতৃত্বে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা জাতীয় পার্টির সদস্য সচিব আব্দুল হাদী, জেলা জাতীয় পার্টির যুগ্ম আহবায়ক সুমন পারভেজ সহ জেলা জাতীয় পার্টির সদস্য সেলিম রহমান, হামিদুল ইসলাম, মোহাম্মদ মিঠু, আব্দুল রাজ্জাক, কুতুব উদ্দীন, মান্নান, আব্দুল বাকি, মোসলেম আলী, বাবলু, হাবিবুর রহমান হাবিব, আরীফ বিল্লাহ,বারেক আলী প্রমুখ।

যারা বাংলাদেশকে স্বীকার করে না তাদের এদেশে থাকার অধিকার নেই- সম্পাদক ডেইলি অবজারভার

যারা বাংলাদেশকে স্বীকার করে না তাদের এদেশে থাকার অধিকার নেই বলে জানিয়েছেন ডেইলি অবজারভার পত্রিকার সম্পাদক ইকবাল সোবহান চৌধুরী।

তিনি বলেন, এই কুষ্টিয়া মুক্তিযুদ্ধের ইতিহাস রচনা করেছে, এই কুষ্টিয়ার জনপদ লালনের স্মৃতি বহন করে, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত এই কুষ্টিয়া। এছাড়াও সাংবাদিকতার পথিকৃৎ কাঙাল হরিণাথের জনপদ। অথচ এই জনপদে ঢাকাসহ সারাদেশের বিভিন্ন

সাংবাদিকের প্রতিনিধিরা এসেছে জঙ্গিবাদী, সাম্প্রদায়িকতার গোষ্ঠী, জাতির জনক বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে। জঙ্গীবাদ ও মৌলবাদীদের রুখতে হবে এখনই। শুধু সাংবাদিক নয়, সারাদেশে সকল মানুষকে এক হয়ে এসবের বিরুদ্ধে লড়াই করতে হবে।

তিনি আরও বলেন, যারা রাতের কালো আঁধারে বঙ্গবন্ধুর ভাস্কর্য ক্ষত-বিক্ষত করেছে, তারা শুধু জাতির পিতার হাত ভাঙেনি। এদেশের সংবিধান, স্বাধীনতা ও গোটা বাঙালির উপর আঘাত হেনেছে। আর তাই আমরা সাংবাদিক সমাজ নিশ্চুপ থাকতে পারি না। এর ঠিক বিচার করারও দাবি জানান তিনি।

গতকাল সোমবার বিকালে কুষ্টিয়া শহরের পাঁচ রাস্তার মোড়ে বঙ্গবন্ধুর নির্মাণাধীন ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে সাংবাদিক গণজমায়েতে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

এই সাংবাদিক নেতা আরও বলেন, বেশ কয়েক বছর আগে বিএনপি-জামায়াত শিবির সাংবাদিকের উপর আঘাত হেনেছিলো। আমার কপালে আজও সেই আঘাত আছে। অস্ত্রের ঝনঝনানিতে যে জনপদ ছিলো সেই জনপদ আজ শান্তির জনপদ। কুষ্টিয়ার উন্নয়ন হয়েছে ব্যাপক। দেশ স্বাধীনের পর অনেকে এমপি হয়েছিল কিন্তু তারা কুষ্টিয়ার উন্নয়ন করতে পারেনি। সাংবাদিকবান্ধব নেতা মাহবুব উল আলম হানিফ এমপি এ জেলায় ব্যাপক উন্নয়ন করেছে। করোনায় আক্রান্ত না হলে আরও অনেক উন্নয়ন দৃশ্যমান হতো।

বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে)’র মহাসচিব শাবান মাহমুদের পরিচালনায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, ঢাকা সাংবাদিক ইউনিয়নের (ডিইউজে) সভাপতি কুদ্দুস আফ্রাদ, কুষ্টিয়া -১ আসনের সংসদ সদস্য আ.ক.ম সরোয়ার জাহান বাদশা, কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতাউর রহমান আতা, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে)’র কোষাধ্যক্ষ দীপ আজাদ, সাধারণ সম্পাদক সাজ্জাদ আলম খান তপু, শেখ মামুনুর রশীদ, সেবিকা রানী, বরুন ভৌমিক নয়ন, চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সভাপতি মোহাম্মদ আলী, রাজশাহী সাংবাদিক ইউনিয়নের সভাপতি কাজী শাহেদ, যশোর সাংবাদিক ইউনিয়নের সভাপতি সাজেদ বকুল, নারায়ণগঞ্জ সাংবাদিক ইউনিয়নের সভাপতি আব্দুস সালাম, ময়মনসিংহ সাংবাদিক ইউনিয়নের সভাপতি আতাউল হক খোকন, বগুড়া সাংবাদিক ইউনিয়নের সভাপতি আমজাদ হোসেন মিন্টু, সাংবাদিক ইউনিয়ন কুষ্টিয়ার সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব, সাধারণ সম্পাদক জামিল হাসান খান

প্রমুখ।

পরে জাতির জনকের ভাস্কর্যের সামনে দাঁড়িয়ে যতদিন না এই ভাস্কর্য ভাঙচুরের ঘটনার সাথে জড়িতদের কঠিন শাস্তি নিশ্চিত না হবে ততদিন পর্যন্ত সাংবাদিকদের ঐক্যবদ্ধ থাকতে শপথ বাক্য পাঠ করানো হয়।

শৈলকুপায় বালি-শ্রমিকদের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভার কবিরপুর এলাকায় কর্মরত শীতার্ত বালি-শ্রমিকদের মাঝে গতকাল সোমবার সন্ধ্যায় কম্বল বিতরণ করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা।

এ সময় আরো উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিলুফা ইয়াসমিন, ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু।

বালি-শ্রমিক ইদ্রিস শেখ জানান, দীর্ঘ ১২ বছর যাবত তারা এ এলাকায় অবস্থান করে আসছেন।

এই প্রথম কোন নির্বাহী কর্মকর্তা তাদের কে প্রধানমন্ত্রীর এ উপহার তুলে দিলেন। উন্নত মানের কম্বল পেয়ে সকল শ্রমিকের মুখে হাসির ঝিলিক লক্ষ্য করা গেছে।

কোটচাঁদপুরে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় “শহীদ বুদ্ধিজীবী দিবস” পালিত হয়েছে।

গতকাল সোমবার বেলা ১২ টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভার শুরুতে শহীদদের প্রতি সম্মান জানিয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, কোটচাঁদপুর সরকারি কেএমএইচ কলেজের সহঃ অধ্যাপক রবিউল ইসলাম, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া ও সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম।

আলোচনা সভাটি সঞ্চালনা করেন উপজেলা সহঃ শিক্ষা অফিসার মাজেদুর রহমান।

কোটচাঁদপুরে ফার্মেসিতে জরিমানা

কোটচাঁদপুরে উপজেলা প্রশাসন ও ঝিনাইদহ জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের যৌথ অভিযানে ঔষুধ ফার্মেসিতে জরিমানা আদায় করা হয়েছে।

গতকাল সোমবার কোটচাঁদপুর সরকারি হাসপাতাল গেটে অবস্থিত ঔষুধ ফার্মেসি গুলোতে এই অভিযান পরিচালনা করা হয়। ভ্রাম্যমাণ আদালত মেয়াদোত্তীর্ণ ও বেশি দামে ঔষুধ বিক্রির দায়ে মিজান ফার্মেসিকে ১৫ হাজার ও ইমতিয়াজ ফার্মেসিকে ৭ হাজার টাকা জরিমানা করে।

উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপনের নেতৃত্বে জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপ-পরিচালক সুচন্দন মন্ডল কে সাথে নিয়ে হাসপাতাল এলাকার ফার্মেসি গুলোতে এ অভিযান চালানো হয়। অভিযানে সার্বিক নিরাপত্তার দায়িত্ব পালন করেন কোটচাঁদপুর থানা পুলিশ।

করোনাভাইরাসে আরও ৩৭ জনরে মৃত্যু

দেশে করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় নতুন করে আরও ৩৭ জনের মৃত্যু হয়েছে। আর নতুন রোগী শনাক্ত হয়েছে ১ হাজার ৭৯৯ জন।

রোববার বিকালে স্বাস্থ্য অধিদফতরের এক বুলেটিনে দেশে করোনাভাইরাস সংক্রমণ পরিস্থিতির সর্বশেষ এ তথ্য জানানো হয়।\

বিস্তারিত আসছে…

করোনায় আক্রান্ত হয়ে যা বললেন মাহিরা খান

করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন শাহরুখ খানের ‘রইস’ ছবির পাকিস্তানি নায়িকা মাহিরা খান। সামাজিক মাধ্যমে মাহিরা নিজেই জানিয়েছেন এই খবর।

করোনায় আক্রান্ত হয়ে এক ইন্সটাগ্রাম পোস্টে মাহিরা বলেছেন, “আমার কোভিড-১৯ পরীক্ষার ফল পজিটিভ এসেছে। আমি বর্তমানে আইসোলেশনে আছি এবং গত কয়েক দিন যারা আমার সংস্পর্শে এসেছেন, তাদেরকে বিষয়টি অবগত করছি। এটা কঠিন, কিন্তু দ্রুতই সব ঠিক হয়ে যাবে, ইনশাআল্লাহ।”

সবাইকে স্বাস্থ্য সচেতন হওয়ার আহবান জানিয়ে মাহিরা আরও লিখেছেন, “নিজের ও অন্যের মঙ্গলের জন্য সবাই মাস্ক পরিধান করুন এবং অন্য নিয়মকানুনগুলো মেনে চলুন।”

শাহরুখ খানের সঙ্গে বলিউডে ‘রইস’ ছবিতে দেখা যায় মাহিরা খানকে৷

তবে এর আগে থেকেই পাকিস্তানের খুব জনপ্রিয় অভিনেত্রী মাহিরা।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৪র্থ বর্ষ অনার্স বিশেষ পরীক্ষার ফল প্রকাশ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০১৮ সালের অনার্স ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষার ফল রোববার প্রকাশ করা হয়েছে। সারা দেশে মোট ৩৬২টি কলেজের ৪ হাজার ২১৫ জন পরীক্ষার্থী ৩০টি বিষয়ে এ পরীক্ষায় অংশগ্রহণ করেন।

প্রকাশিত ফল রোববার সন্ধ্যা ৬টা থেকে SMS এর মাধ্যমে যে কোনো মোবাইল মেসেজ অপশনে গিয়ে nuH4Reg No (শেষের ৭ ডিজিট) লিখে ১৬২২২ নম্বরে Send করে এবং রাত ৮টা থেকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd অথবা www.nubd.info থেকে জানা যাচ্ছে।

উল্লেখ্য, ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী অনিয়মিত এবং অকৃতকার্য শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করে। করোনাকালীন জুম অ্যাপসের মাধ্যমে শিক্ষার্থীদের মৌখিক/ব্যবহারিক পরীক্ষা নভেম্বর মাসে সম্পন্ন হয়েছে।

রোববার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের ভারপ্রাপ্ত পরিচালক মো. ফয়জুল করিম এ তথ্য জানিয়েছেন।

এবার বার্নলির বিপক্ষে হারল

আর্সেনাল

ইংলিশ প্রিমিয়ার লিগের এবারের মৌসুমটা যাচ্ছেতাইভাবে কাটছে আর্সেনালের। একের পর এক ম্যাচ হেরে বিপর্যস্ত দলটি।

এবার ঘরের মাঠে বার্নলির বিপক্ষে হেরেছে তারা। তাও আবার দলের সেরা তারকা পিয়েরে-এমেরিক অবামেয়াংয়ের আত্মঘাতী গোলে!

ওই একটি গোলেই পরাজয় নিশ্চিত হয় আর্সেনালের।

এ নিয়ে লিগে শেষ আট ম্যাচের ছয়টিতেই হারল আর্তেতার দল। এর মধ্যে ঘরের মাঠেই টানা চার ম্যাচে হেরেছে দলটি।

রোববার রাতে প্রথমার্ধে নেমে বার্নলির রক্ষণভাগ ভাঙতেই পারেননি আর্সেনালের স্ট্রাইকাররা। অবশ্য নিজেদের জালও সুরক্ষিত রেখেছিলেন তারা।

ফলে গোলশূন্য অবস্থায় শেষ হয় প্রথমার্ধ।

কিন্তু দ্বিতীয়ার্ধে নেমে ৫৮তম মিনিটে ধাক্কা লাগে আর্সেনাল শিবিরে। বার্নলির ম্যাকনিলকে ফাউল করেও ক্ষান্ত হননি গ্রানিত জাকা। মেজাজ হারিয়ে আরেকজনের গলা চেপে ধরেন তিনি। ফলে এই সুইস মিডফিল্ডারকে হলুদ কার্ড দেখান রেফারি। পরে ভিএআরের সাহায্যে লাল কার্ড দেখিয়ে তাকে মাঠছাড়া করেন রেফারি।

১০ জনের দল নিয়ে কিছুটা ব্যাকফুটে চলে যায় আর্সেনাল।

আর্সেনাল শিবিরে দ্বিতীয় ধাক্কাটি এসে লাগে ৭৩তম মিনিটে।

এ সময় আত্মঘাতী গোল করে বার্নলিকে এগিয়ে দেন এমেরিক অবামেয়াং।

কর্নার হেডে ক্লিয়ার করতে গিয়ে নিজেদের জালেই বল পাঠান অবামেয়াং। ক্লাব পর্যায়ে এটি প্রথম কোনো আত্মঘাতী গোল অবামেয়াংয়ের।

ম্যাচের বাকি সময়ে বার্নলির জালে বল জড়াতে ব্যর্থ হলে ১-০ গোলের ব্যবধানে হারে আর্সেনাল।

এ নিয়ে ১২ ম্যাচে সপ্তম হারের স্বাদ পাওয়া আর্সেনাল ১৩ পয়েন্ট নিয়ে ১৫তম স্থানে রয়ে গেল। ১১ ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে ১৭তম স্থানে বার্নলি।

২৫ পয়েন্ট নিয়ে দ্বিতীয় অবস্থানে মোহামেদ সালাহর লিভারপুল।

সমান পয়েন্ট নিয়ে গোল ব্যবধানে শীর্ষে আছে টটেনহ্যাম হটস্পার।

ম্যাচ হাইলাইটস দেখুন-

শ্রদ্ধা-ভালোবাসায় জাতির সূর্যসন্তানদের স্মরণ

শহীদ বুদ্ধিজীবী দিবসে বিনম্র শ্রদ্ধা ও ভালোবাসায় জাতির সূর্যসন্তানদের স্মরণ করা হচ্ছে।

দিনটি উপলক্ষে মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ ও রায়েরবাজার বধ্যভূমিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানাচ্ছেন নানা শ্রেণি-পেশার মানুষ।

এ ছাড়া বিভিন্ন রাজনৈতিক দল, সামাজিক, সাংস্কৃতি ও পেশাজীবী সংগঠন নানা কর্মসূচি হাতে নিয়েছে।

সোমবার সকাল ৭টা ১০ মিনিটে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে ফুল দিয়ে শ্রদ্ধা জানানো হয়।

রাষ্ট্রপতি আবদুল হামিদের পক্ষে তার সামরিক সচিব মেজর জেনারেল এস এম শামীম উজ জামান এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে তার সামরিক সচিব মেজর জেনারেল নকিব আহমদ চৌধুরী শহীদবেদীতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন।

এসময় বিউগলে বাজানো হয় করুণ সুর। সশস্ত্র বাহিনীর একটি চৌকস দল সামরিক কায়দায় সালাম জানায়।

রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর পর জাতীয় সংসদের স্পিকার এবং প্রধান বিচারপতির পক্ষ থেকে শহীদ বেদীতে শ্রদ্ধা জানানো হয়।

পরে মন্ত্রিসভার প্রতিনিধিরা এবং যুদ্ধাহত মুক্তিযোদ্ধারা বুদ্ধিজীবী স্মৃতিসৌধে ফুল দিয়ে জাতির শ্রেষ্ঠ সন্তানদের স্মরণ

করেন।

এরপর সর্বস্তরের জনগণ মিরপুর বুদ্ধিজীবী স্মৃতিসৌধে শ্রদ্ধা জানান। পতাকা আর ফুল হাতে সকাল থেকেই নানা বয়সের মানুষ জড়ো হন শহীদ বেদীতে।

তবে করোনা মহামারীর কারণে অন্য সময়ের তুলনায় এবার মানুষ কম।

রায়েরবাজার বধ্যভূমি স্মৃতিসৌধের শহীদ বেদীও সকাল থেকে বিভিন্ন রাজনৈতিক দল, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন এবং সর্বস্তরের মানুষের ফুলে ফুলে ভরে উঠতে থাকে।

প্রসঙ্গত ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর পাকিস্তানি হানাদার বাহিনী বাংলার শ্রেষ্ঠ সন্তানদের নিধনে মাঠে নামে।

রাতের অন্ধকারে বাসা কিংবা কর্মস্থল থেকে চোখ বেঁধে নিয়ে তারা শিক্ষাবিদ, গবেষক, চিকিৎসক, প্রকৌশলী, সাংবাদিক, কবি ও সাহিত্যিকদের হত্যা করে।

এ হত্যাকাণ্ডের উদ্দেশ্য ছিল বাঙালি জাতিকে মেধাশূন্য করা। দেশের নানা জায়গায় হত্যাযজ্ঞ চললেও মূল হত্যাযজ্ঞ চলে রাজধানীর রায়েরবাজার বধ্যভূমিতে।

সেই থেকে ১৪ ডিসেম্বর দিনটিকে জাতি শ্রদ্ধাভরে স্মরণ করে, পালন করে শহীদ বুদ্ধিজীবী দিবস হিসেবে।